



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১

তপসীডাঙ্গা, যশোর।

দরপত্র বিজ্ঞপ্তি



০১। ২০২৩-২৪ অর্থ বছরের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সংগ্রহের লক্ষে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিম্নস্থ তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রতিষ্ঠানের নিম্নস্থ লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রমতত্ত্ব মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের স্থান ও সময়সূচী	দরপত্র দাখিলের স্থান ও সময়সূচী	দরপত্র খোলার স্থান ও সময়সূচী	দরপত্র দলিলের মূল্য অফেরংযোগ্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০০০৬/১৭/০৮/১৭/১৭	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম	(i) পরিচালক, পবিস ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ষিলক্কেত, ঢাকা-১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর। ২২/০১/২০২৪ খ্রি: সোমবার হইতে ০৪/০২/২০২৪ খ্রি: রবিবার বেলা ০৪:০০ ঘটিকা পর্যন্ত	(i) পরিচালক, পবিস ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ষিলক্কেত, ঢাকা-১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর। ০৫/০২/২০২৪ খ্রি: সোমবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত	(i) পরিচালক, পবিস ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ষিলক্কেত, ঢাকা- ১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর। ০৫/০২/২০২৪ খ্রি: সোমবার বেলা ১১:০৫ ঘটিকায়।	১৫০০/-	২,০০,০০০/-

- ০২। আত্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে ০৩ নং কলামে বর্ণিত ঠিকানা সমূহ হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন। উপরে বর্ণিত ছকের কলাম-৬ এর উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ টাকার অফেরংযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।
- ০৩। দরপত্র বিজ্ঞপ্তির ০৪ নং কলামে বর্ণিত স্থান ও সময়ের মধ্যে ব্যক্তিগতভাবে/বাহক মারফত দরপত্র দলিল দাখিল করতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না। প্রতিটি দরপত্রে উপরে বর্ণিত ছকের কলাম-৭ এ উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ দরপত্র জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র কলাম-৫ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র দলিল বাতিল বলে গণ্য হবে।
- ০৫। মালামাল সরবরাহের পর বিল হতে ১০% টাকা নিরাপত্তা জামানত হিসাবে ০৬ (ছয়) মাস সময়ের জন্য কর্তন করে রাখা হবে। যা মালামালের গুনগত মান সঠিক থাকা শর্তে ফেরৎ প্রদান করা হবে।
- ০৬। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৭। কার্যদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৮। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৯। উল্লিখিত শর্ত বর্জিত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

“বিদ্যুৎ অপচয় রোধ করি, আলোকিত বাংলাদেশ গড়ি”

মোঃ ইছাহাক আহী
জেনারেল ম্যানেজার